গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অক্টোবর ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ০৯:৩০ ঘটিকা
স্থান	ভবন নং-৭, কক্ষ নং ৮২১, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	...

২. উপস্থাপনাঃ

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১১টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে ১৩৪৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৫.৪৬%। নভেম্বর ২০১৯ পর্যন্ত ৬৬৮.৯৫ কোটি টাকা (৫০%) ছাড় করে ৩২২.৫৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ২৩.৯৩%।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ

চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ মেয়াদ: (১/০৯/১৮-৩০/৬/২০)	সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, প্রকল্পের আওতাধীন জেলাসমূহের জেলা প্রশাসকের অফিসে ভূমির মূল্য নির্ধারণের জন্য কাজ চলমান রয়েছে। ভূমির মূল্য পরিশোধের জন্য ভূমি অধিগ্রহণের টাকা রিলিজ করতে হবে। প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করার লক্ষ্যে অতিরিক্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। প্রকল্পটি বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীতে উদ্বোধন করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে ২১৯৯ কোটি টাকা প্রয়োজন। এ প্রকল্পে অতিরিক্ত ২১৯৯ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য এ বিভাগ হতে একটি ডি.ও. পত্র মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য ওয়ার্ক প্ল্যান আপডেট রাখার পরামর্শ দেয়া হয়। সভায় সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুটওভার ব্রীজ নির্মাণের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। সভায় প্রকল্পের উপর জরুরী ভিত্তিতে পিআইসি ও পিএসসি সভা করার জন্য নির্দেশনা দেয়া হয়।	ক) প্রকল্পে অতিরিক্ত ২১৯৯ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য এ বিভাগ হতে একটি ডি.ও. পত্র মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর প্রেরণ করতে হবে; খ) পদ্মা সেতুর উভয় পার্শ্বে রাউন্ড এবাউট নির্মাণ সংক্রান্ত কাজসহ নতুন ভাবে জমি অধিগ্রহণ ও অন্যান্য কাজ অন্তর্ভূক্ত করে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। কবে নাগাদ ডিপিপি প্রেরণ করা হবে তা অবিলম্বে জানাতে হবে; গ) এ সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুট ওভার ব্রীজ নির্মাণের সম্ভাব্যতা চূড়ান্ত করে এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঘ) প্রকল্পের উপর জরুরী ভিত্তিতে পিআইসি ও পিএসসি সভা আহবান করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও পরিকল্পনা উইং

৩.২ আলীকদম-জ্বালানীপাড়া-করুকপাতা-পোয়ামুহরী সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২১)	এ বিভাগ হতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়। এছাড়া, অর্থ ছাড় ও ব্যয়ের তথ্য সঠিকভাবে প্রতিফলন করে রিপোর্ট নিয়মিত সওজ অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়।	ক) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; খ) অর্থ ছাড় ও ব্যয়ের তথ্য সঠিকভাবে প্রতিফলন করে এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত সওজ অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগকে অবহিত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর
৩.৩ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ মেয়াদ: (১/১১/১৬-৩১/১২/১৯)	সভায় জানানো হয় যে, এডিপি'র অতিরিক্ত বরাদ্দ আরডিপিপি মোতাবেক সংশোধন করা হয়েছে। প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তি ছাড়ের উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তি ছাড়ের জন্য দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৪ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন মেয়াদ: (১/৪/১৭- ৩০/০৬/২০)	প্রকল্পের অর্থছাড় করা হলেও কোন অর্থ ব্যয় না হওয়ার কারন জানতে চাওয়া হলে সেনাবাহিনীর প্রতিনিধি জানান, ইতোমধ্যে এ প্রকল্পে অর্থ ব্যয় হয়েছে যা মাসিক প্রতিবেদনে প্রতিফলিত হয়নি। প্রকল্পের ব্যয় যথাযথভাবে প্রতিফলিত করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের ব্যয় যথাযথভাবে প্রতিফলিত করে নিয়মিতভাবে সওজ অধিদপ্তর ও এ বিভাগকে অবহিত করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৫ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০)	এ বিভাগ হতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব ভৌত অবকাঠামো বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়। গুনগতমান অক্ষুন্ন রেখে প্রকল্পটি নির্ধারিত সময়ে সম্পন্ন করার নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির তথ্য নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণের পরামর্শ দেয়া হয়।	ক) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; খ) গুনগতমান অক্ষুন্ন রেখে প্রকল্পটি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে; গ) প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির তথ্য নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৬ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯)	অর্থনৈতিক কোড সংশোধনের নিমিত্তে ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে পত্র দেয়া হয়েছিল। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের মতামতের ভিত্তিতে এ বিভাগে ডিপিপিসি সভার সুপারিশের আলোকে ডিপিপি সংশোধন প্রস্তাব অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।	যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক

৩.৭ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়) মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১)	সভায় অবহিত করা হয় যে, আরডিপিপি প্রস্তুতের জন্য বাস্তবসম্মত দর নির্ধারণের নিমিত্ত একটি পর্ষদ গঠন করা হয়েছে। উক্ত পর্ষদের কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। গঠিত কমিটি কর্তৃক পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে প্রকল্প এলাকা পরিদর্শনের নির্দেশনা দেয়া হয়। সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। এ্যালাইনমেন্টের সাথে সংশ্লিষ্ট এলজিইডির রাস্তা সওজ অধিদপ্তর এর অন্তর্ভুক্ত করার জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী চট্টগ্রাম কর্তৃক প্রধান প্রকৌশলী বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় কাগজপত্রাদি এ বিভাগে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন যা দ্রুত এ বিভাগ হতে প্রক্রিয়াকরণ করা হবে।	ক) গঠিত কমিটি কর্তৃক পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে প্রকল্প এলাকা পরিদর্শন করতে হবে; খ) সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে; গ) এ্যালাইনমেন্টের সাথে সংশ্লিষ্ট এলজিইডির রাস্তা সওজ অধিদপ্তর এর অন্তর্ভুক্ত করার জন্য প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় কাগজপত্রাদি দ্রুত এ বিভাগে প্রেরণ করবেন।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম জোন ও প্রধান প্রকৌশলী, সওজ
৩.৮ কেরানীরহাট-বান্দরবান জাতীয় মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততা ও উচ্চতায় উন্নীতকরণ মেয়াদ: (১/৭/১৮- ৩০/৬/২১)	প্রকল্পের ব্যয় খাত সংশোধনের জন্য প্রেরিত কাগজপত্রাদি যথাযথ না থাকায় অর্থ ছাড়ে বিলম্ব ঘটছে। সওজ অধিদপ্তর ও সেনাবাহিনীর প্রতিনিধি সমন্বয় করে ব্যয় খাত সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াকরণ পূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।	সওজ অধিদপ্তর ও সেনাবাহিনীর প্রতিনিধি সমন্বয় করে ব্যয় খাত সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াকরণ পূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৯ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০)	প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে প্রকল্পের ২০% ভৌত কাজ সম্পন্ন করা হয়েছে। সভায় আলোচনা করা হয় যে, প্রকল্পের অগ্রগতি মনিটরিংয়ের জন্য ক্রয় অগ্রগতি, অঙ্গভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি সম্বলিত প্রতিবেদন এ বিভাগ কর্তৃক পর্যালোচনা করা প্রয়োজন। এডিপি পর্যালোচনা সভার জন্য প্রেরিত প্রতিবেদনে ব্যয়ের তথ্য সঠিকভাবে প্রতিফলন করা আবশ্যক।	ক) প্রকল্পের অগ্রগতি মনিটরিংয়ের জন্য ক্রয় অগ্রগতি, অঙ্গভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি সম্বলিত প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত এ বিভাগে প্রেরণ করতে হবে; খ) এডিপি পর্যালোচনা সভার জন্য প্রেরিত প্রতিবেদনে ব্যয়ের তথ্য সঠিকভাবে প্রতিফলন করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.১০ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ মেয়াদ: (১/১/১৮- ৩১/১২/১৯)	প্রকল্প পরিচালক জানান, ১ম ও ২য় কিস্তি বাবদ আংশিক অর্থছাড় করা হয়েছে। অবশিষ্ট অর্থ ছাড়ের জন্য এডিপি বরাদ্দ সংশোধন করা প্রয়োজন। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের কাজ শেষ পর্যায়ে রয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন করে পিসিআর এ বিভাগে দাখিলের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের সমুদয় কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করে পিসিআর এ বিভাগে দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড

৩.১১ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায় মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১)	প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে ব্যয়ের তথ্য যথাযথভাবে প্রতিফলন করে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির প্রতিবেদন আইএমইডি-৫ ছকে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে ব্যয়ের তথ্য যথাযথভাবে প্রতিফলন করে সওজ অধিদপ্তর ও এ বিভাগে দাখিল করতে হবে; খ) প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির প্রতিবেদন আইএমইডি-৫ ছকে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প			
৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ	প্রকল্প পরিচালক জানান যে, জেলা প্রশাসক, কক্সবাজার কর্তৃক ভূমি অধিগ্রহনের প্রাক্কলনের কাজ চলামন রয়েছে। ভূমি অধিগ্রহনের প্রাক্কলন প্রাপ্তি স্বাপেক্ষে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে। পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের পুনরায় নির্দেশনা দেয়া হয়।	পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ	মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিঃমিঃ ফ্লাইওভার বাদ দিয়ে সী-ওয়াল দ্বারা নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক সী-ওয়াল ডিজাইন এর জন্য অপেক্ষমান রয়েছে, সী-ওয়ালের ডিজাইন প্রাপ্তি স্বাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে। ডিজাইন প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষনিক যোগাযোগ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের পুনরায় নির্দেশনা দেয়া হয়।	পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট)	গত ০৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ ১৬ ইসিবি, ঝাউতলা আর্মি ক্যাম্প, কনফারেন্স রুমে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী গত ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত পরবর্তী দিক-নির্দেশনা স্বাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে। সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনান্তে দ্রুত ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।	গত ০৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনান্তে দ্রুত ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.৪ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ	পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ডিপিপি পরীক্ষান্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।	ডিপিপি পরীক্ষান্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং

৫. বিবিধ	যে সকল প্রকল্পে অর্থ ব্যয় হয়েছে কিন্তু মাসিক প্রতিবেদনে প্রতিফলিত হয়নি সে সকল প্রকল্পের ব্যয় যথাযথভাবে প্রতিফলিত করে এ বিভাগে তথ্য প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণের জন্য IMED-5/2003 ছকে নিয়মিত প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির তথ্য এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। আরএডিপি বরাদ্দের ক্ষেত্রে বাস্তবতার নিরিখে প্রকৃত চাহিদা সওজ অধিদপ্তরের সাথে সমন্বয় করে নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	ক) যে সকল প্রকল্পে অর্থ ব্যয় হওয়া সত্ত্বেও মাসিক প্রতিবেদনে প্রতিফলিত হয়না সে সকল প্রকল্পের ব্যয় যথাযথভাবে প্রতিফলিত করে এ বিভাগে তথ্য প্রেরণ করতে হবে; খ) IMED-5/2003 ছকে নিয়মিত প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে; গ) আরএডিপি বরাদ্দের ক্ষেত্রে বাস্তবতার নিরিখে প্রকৃত চাহিদা সওজ অধিদপ্তরের সাথে সমন্বয় করে নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড

৬. আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯.০৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৬
০৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) ই-ইনসি ইঞ্জিনিয়ায় পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১১) যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৩) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

দীপ জন মিত্র

সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)